59

দৈনিক ইত্তেফাক

...26 APR 1998...

পৃঃ 2 কলাম 2

# উত্তরাঞ্চলের ১৬টি জেলায় পাঁচ লক্ষাধিক শিশু স্কুলে যায় না

ঠাকুরগাঁও সংবাদদাতা ॥ দুই হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা কর্মসূচী বাস্তবায়নের উদ্দেশ্য থাকিলেও উত্তরাঞ্চলের ১৬টি জেলার ৫ লক্ষ ৩৩ হাজার শিশু এখনও স্কুলমুখী হয় নাই। তবে ঠাকুরগাঁও জেলায় স্কুলমুখী হয় নাই এমন শিশুর সংখ্যা তুলনামূলকভাবে কম. মাত্র ৪২০০ জন। এই জেলায় স্কুলের সংখ্যা এবং সেই সঙ্গে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় এবং অন্যান্য কারণে প্রায় দুই লক্ষ শিশু স্কুলে যাইতেছে। এনজিওগুলি গ্রামে গ্রামে প্রাথমিক শিক্ষা সম্প্রসারিত করায় অধিক সংখ্যক শিশু প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতায় আসিয়াছে। তবে উত্তরাঞ্চলের অন্যান্য জেলায় অসংখ্য শিশুকে এখনও স্কুলমুখী করা যায় নাই। ইহার মধ্যে দরিদ্র ও ভাসমান পরিবারের শিশু সংখ্যাই বেশী।

(১৫শ পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)

## ৫ লক্ষাধিক শিশু

(প্রথম পৃঃ পর)

রাজশাহী বিভাগে ৬ হইতে ১০ বৎসর বয়সী স্কুলে যাওয়ার উপযোগী শিশুর সংখ্যা ৫৩ লক্ষ ৪৫ হাজার। ইহার মধ্যে ৪৮ লক্ষ ১২ হাজার শিশু স্কুলে যায়। অবশিষ্ট ৫ লক্ষ ৩৩ হাজার শিশু স্কুলে যায় না। ঐ বয়সের শিশুদের মধ্যে কুড়িগ্রাম জেলায় ৩ লক্ষ ৪১ হাজার শিশু রহিয়াছে। ইহার মধ্যে ৪০ হাজার শিশু স্কুলে যায় না। রংপুর জেলায় ৪ লক্ষ ৫ হাজার শিশুর মধ্যে ৪৩ হাজার, গাইবান্ধায় ৩ লক্ষ ৭৭ হাজারের মধ্যে ৫০ হাজার, নীলফামারী জেলায় ২ লক্ষ ৭১ হাজারের মধ্যে ৩০ হাজার, লালমনিরহাটে ১ লক্ষ ৯১ হাজারের মধ্যে ২৪ হাজার, দিনাজপুর জেলায় ৪ লক্ষ ১৪ হাজারের মধ্যে ৩৬ হাজার, ঠাকুরগাঁও জেলায় ১ লক্ষ ৯৯ হাজারের মধ্যে ৪ হাজার ২ শত, পঞ্চগড়ে ১ লক্ষ ৪৭ হাজারের মধ্যে ৩ হাজার, রাজশাহী জেলার ৩ লক্ষ ৫১ হাজার শিশুর মধ্যে ২৯ হাজার, নাটোরে ২ লক্ষ ৩৬ হাজারের মধ্যে ২৫ হাজার, চাপাইনবাবগঞ্জে ২ লক্ষ ২৫ হাজারের মধ্যে ২৯ হাজার, বগুড়া জেলায় ৪ লক্ষ ৭৭ হাজারের মধ্যে ৩২ হাজার, নওগাঁ জেলায় ৩ লক্ষ ৮১ হাজারের মধ্যে ৫০ হাজার, জয়পুরহাটে ১ লক্ষ ২৫ হাজারের মধ্যে ৬ হাজার ৮শত, পাবনায় ৩ লক্ষ ৬ হাজারের মধ্যে ৩০ হাজার ও সিরাজগঞ্জে ৩ লক্ষের মধ্যে ৭১ হাজার শিশু স্কুলে যায় না।